

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাহাজ্জুদ সালাত আদায়কারী ব্যক্তির জন্য এটা বৈধ রয়েছে যে, তিনি রহমতের আয়াত পাঠ করার সময় আল্লাহর রহমত চাইবেন আর আযাবের আয়াত পাঠ করার সময় আযাব থেকে আশ্রয় চাইবেন

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمُتَهَجِّدِ سُؤَالَ الْبَارِي جَلَّ وَعَلَا عِنْدَ آيِ الرَّحْمَةِ وَيَعُوذُ بِهِ عِنْدَ آيِ العذاب

আরবী

2595 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: أَخْبَرَنَا بِشْرُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ عَنِ الْمُسْتَوْرِدِ بْنِ الْأَحْنَفِ مَحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ عَنِ الْمُسْتَوْرِدِ بْنِ الْأَحْنَفِ عَنْ صِلَةَ بْنَ زُفَرَ عَنْ حُدَيْفَةَ قَالَ: صَلَّيْتُ مَعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ فَمَا مَرَّ بِآيَةٍ رَحْمَةٍ إِلَّا وَقَفَ عِنْدَهَا وَسَأَلَ وَلَا مَرَّ بِآيَةِ عَذَابٍ إلا وقف عندها وتعوذ. الراوي : حُذَيْفَة ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : حُذَيْفَة ا المحدث : العلامة على المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2595 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (235)، ((مختصر الشمائل)) (232): م.

বাংলা

২৫৯৫. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে এক রাতে সালাত আদায় করেছি, যখনই তিনি কোন রহমতের আয়াত অতিক্রম করেছেন, তখনই তিনি সেখানে থেমেছেন এবং রহমত প্রার্থনা করেছেন, আর যখনই তিনি কোন আযাবের আয়াত অতিক্রম করেছেন, সেখানেই তিনি থেমেছেন এবং আযাব থেকে আশ্রয় চেয়েছেন।"[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ৪১৫; মুসনাদ আহমাদ: ৫/৩৮২; দারেমী: ১/২৯৯; আবূ দাউদ: ৮৭১; তিরমিযী: ২৬২; নাসাঈ: ২/১৭৬-১৭৭; সুনান বাইহাকী: ২/৩১০; মুসনাদ আহমাদ: ৫/৩৮৪; ইবনু মাজাহ: ১৩৫১।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন